# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ৮. ১. ভ্যাটিকানের পাণ্ডুলিপি (Codex Vaticanus )

খ্রিষ্টান ধর্মগুরু ও পণ্ডিতদের মতে বাইবেলের বর্তমানে বিদ্যমান প্রাচীনতম গ্রিক পাণ্ডুলিপিগুলোর অন্যতম ভ্যাটিকানের পাণ্ডুলিপি। তাদের ধারণায় চতুর্থ খ্রিষ্টীয় শতকের মাঝামাঝি সময়ে পাণ্ডুলিপিটা লেখা। বর্তমানে বিদ্যমান পাণ্ডুলিপিটা পূর্ণাঙ্গ নয়। এতে বিদ্যমান বাইবেলীয় পুস্তকগুলোর ক্রম বিন্যাস বর্তমানে প্রচলিত বিন্যাস থেকে ভিন্ন। এছাড়া আলেকজান্দ্রীয় পাণ্ডুলিপির বিন্যাস থেকেও ভিন্ন। পুরাতন নিয়মের এপক্রিপা বা সন্দেহজনক পুস্তকগুলোর কয়েকটা এ পাণ্ডুলিপিতে বিদ্যমান। নতুন নিয়মের পুস্তকগুলোর মধ্য থেকে ২ তীমথিয়, তীত, ফিলীমন এবং প্রকাশিত বাক্য পুস্তকগুলো নেই। সম্ভবত নতুন নিয়মের এপক্রিপা বা সন্দেহজনক পুস্তকগুলোর কয়েকটা মূল পাণ্ডুলিপিতে ছিল, পরে তা ছিড়ে ফেলা হয়েছে। বাহ্যত ‘প্রকাশিত বাক্য’ পুস্তকটা এ পাণ্ডুলিপিতে মোটেও ছিল না। এ পাণ্ডুলিপির মধ্যে বিদ্যমান পুস্তকগুলোর পাঠ বর্তমানে প্রচলিত বাইবেল থেকে কিছু ভিন্ন। বর্তমানে বিদ্যমান অনেক বাক্যাংশ, বাক্যমালা ও শ্লোক এ পাণ্ডুলিপিতে বিদ্যমান পুস্তকগুলোতে নেই।[1]

## ফুটনোট

[1] উইকিপিডিয়া: the Codex Vaticanus.

Source — https://www.hadithbd.com/books/link/?id=13879

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন